

প্রেস রিলিজ  
১০ অক্টোবর ২০২৫

## চেন্নাইয়ে আন্তর্জাতিক সভা শেষে দেশে ফিরলেন বাউবি উপাচার্য ও ট্রেজারার



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম এবং ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম ভারতের চেন্নাইয়ে অনুষ্ঠিত তিনদিনব্যাপী আন্তর্জাতিক পরামর্শ সভা “Consultative Meeting on Blended Learning in TVET”-এ অংশগ্রহণ শেষে দেশে ফিরে এসেছেন। গত ৬ থেকে ৮ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত এ সভাটি যৌথভাবে আয়োজন করে Commonwealth Educational Media Centre for Asia (CEMCA), Commonwealth of Learning (COL) এবং National Institute of Technical Teachers Training and Research (NITTTR), Chennai)। পরামর্শ সভায় “কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (Technical and Vocational Education and Training – TVET)” ক্ষেত্রে ব্লেণ্ডেড লার্নিং পদ্ধতির বাস্তবায়ন, শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের মানোন্নয়ন, এবং জাতীয় টেকনিক্যাল ও ভোকেশনাল যোগ্যতা কাঠামো (NTVQF/BNQF) শক্তিশালীকরণ বিষয়ে আলোচনা হয়।

বাংলাদেশের পক্ষ থেকে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম আলোচনায় সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে সময়োপযোগী মতামত প্রদান করেন এবং এ ক্ষেত্রে বাউবির অভিজ্ঞতা ও সফলতা তুলে ধরেন। সভায় ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বাউবির উন্মুক্ত ও দূরশিক্ষণ কার্যক্রমের সাফল্য এবং কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের সম্ভাবনা ও প্রয়োগ বিষয়ক বিস্তারিত উপস্থাপন করেন, যা অংশগ্রহণকারীদের মধ্যে ব্যাপক আগ্রহ সৃষ্টি করে। অত্যন্ত সফলতার সঙ্গে সভায় অংশগ্রহণ শেষে বাংলাদেশের প্রতিনিধিদল গতকাল (৯ অক্টোবর ২০২৫) সন্ধ্যায় বিমানযোগে চেন্নাই থেকে দেশে প্রত্যাবর্তন করেন।



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮